

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন অধিশাখা

নং-২৭.০০.০০০০.০৪১.০৩১.১৫.১৪.২৪২৬

তারিখঃ ১৪-০৬-২০১৫ খ্রি।

"নিয়োগ বিজ্ঞপ্তি"


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর নিয়োক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নের বর্ণনানুযায়ী কেবলমাত্র বাংলাদেশের নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে-

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---------|---|-------------------|---|--|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | হিসাব রক্ষক বেতন স্কেলঃ ৫,৯০০-১৩,১২৫/- (জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী) | ০১ (এক)টি | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে দ্বিতীয় বিভাগে স্নাতক ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ২। | সাঁট মুদ্রাক্ষরিক-কা ম-কম্পিউটার অপারেটর বেতন স্কেলঃ ৫,৫০০-১২,০৯৫/- (জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী) | ০২ (দুই)টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং ঘ) সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষায় গতি যথাক্রমেঃ সাঁটলিপি ইংরেজী ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজী ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ (প্রতি মিনিটে)। | ঢাকা, মানিকগঞ্জ, মাদারীপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, জামালপুর, দিনাজপুর, |
| ৩। | কম্পিউটার অপারেটর বেতন স্কেলঃ ৫,৫০০-১২,০৯৫/- (জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী) | ০১ (এক)টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী (বিজ্ঞান বিভাগে অগ্রাধিকার); বিভাগীয় ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর হিসেবে ০২ (দুই) বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। খ) Operator's aptitude test এ অবশ্যই উত্তীর্ণ হতে হবে। | টাঙ্গাইল, কুমিল্লা, চাঁদপুর, ভোলা, পিরোজপুর, রংপুর, মাগুরা, গাইবান্ধা জেলা |
| ৪। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন স্কেলঃ ৪,৭০০-৯,৭৪৫/- (জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী) | ০৩ (তিন)টি | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত। গ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরিক বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| ৫। | ক্যাশিয়ার বেতন স্কেলঃ ৫,২০০-১,১২৩৫/- (জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী) | ০১ (এক)টি | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী। | |
| ৬। | অফিস সহায়ক বেতন স্কেলঃ ৪,১০০-৭,৭৪০/- (জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী) | ১১ (এগার)টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা, শরিয়তপুর, মুন্সিগঞ্জ, কুমিল্লা, হবিগঞ্জ, মাদারীপুর, নরসিংদী, ময়মনসিংহ, সিরাজগঞ্জ, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, বি-বাড়ীয়া, যশোর জেলা। |

আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী

- আবেদনকারীর বয়স আগামী ১৪-০৭-২০১৫ খ্রি. তারিখ সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের বেলায় ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। সাঁট মুদ্রাক্ষরিক-কা ম-কম্পিউটার অপারেটর এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিভাগীয় প্রার্থীদের বেলায় বয়স ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- আবেদনকারীরা আবেদনপত্রের ছক বিদ্যুৎ বিভাগের ওয়েব সাইট (www.powerdivision.gov.bd) থেকে সংগ্রহ করতে পারবে এবং প্রদত্ত প্রবেশপত্রের নমুনা যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- শুধুমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদনের যোগ্য।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক সকল ধরনের কোটা পদ্ধতি/নীতি অনুসরণ করা হবে।
- প্রার্থী বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্র প্রেরণে খামের উপর পদের নাম, নিজ জেলা, বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ০৬ (ছয়) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫x৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- কেহ প্রকৃত তথ্য গোপন করে চাকুরি গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি, বিদ্যুৎ বিভাগ এর অনুকূলে ১-৫৬০১-০০০১-২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ-১-৫নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকা এবং ৬নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার (অফেরৎযোগ্য) ট্রেজারী চালানের (সোনালী ব্যাংকের) মূল কপি (ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।
- প্রার্থীদের আবেদনপত্রের সাথে ট্রেজারী চালানের মূলকপি ও নমুনা প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে সংযুক্ত করতে হবে। এছাড়া অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নাই।
- মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র (খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্র/সনদপত্রসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি সাথে আনতে হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্র সাফাৎকারের সময় দাখিল করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ব্যবহারিক/বাছাই/লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- সকল আবেদন সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় (ভবন নং-৬, কক্ষ নং-১২৪), বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আগামী ১৪-০৭-২০১৫ খ্রি. তারিখ অফিস সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে পাঠাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।

দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখঃ ১৪-০৭-২০১৫ খ্রি।


উপ-সচিব (প্রশাসন-১)
বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ

ছবি
(আঠা দিয়ে লাগাতে হবে)

প্রবেশ পত্র

অফিস কর্তৃক পূরণীয়

রোল নম্বর

পরীক্ষা কেন্দ্রের নাম

পরীক্ষার তারিখ

পরীক্ষার সময়

আবেদনকারী কর্তৃক স্বহস্তে পূরণীয়

পদের নাম

প্রার্থীর নাম

পিতার নাম

বর্তমান ঠিকানা

.....

.....

.....

.....

উপ- সচিব (প্রশাসন- ১)
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।